



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
জয়পুরহাট।

Tel : 0571-62298, E-mail : deojoypurhat58@gmail.com



স্মারক নং-জেশিঅ/জয়/২০২৩/ ০৭০


তারিখ : ০৯/০২/২০২৩ খ্রি।

“প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার/নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ক্রেতাসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা শিক্ষা অফিস, জয়পুরহাট-এ ২০১৬ হতে ২০২১ শিক্ষাবর্ষ পর্যন্ত বিভিন্ন শিক্ষাবর্ষের উদ্বৃত্ত/অবিতরণকৃত/অপ্রয়োজনীয় মওজুদ পাঠ্যপুস্তক (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়/বিনষ্টকরণ সংক্রান্ত নিলাম কমিটির সদস্যগণের উপস্থিতিতে আগামী ১৬/০২/২০২৩ খ্রি. রোজ বৃহসপতিবার বেলা ১২:০০ টায় বিক্রয়ের জন্য প্রকাশ্যে দিবালোকে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে বেলা ১০:০০ টা হতে ১১:০০ টার মধ্যে নগদ ৫০০০/- (পাঁচহাজার) টাকা জমা প্রদান সাপেক্ষে ডাকে অংশগ্রহনকারীকে তালিকাভুক্ত হতে হবে। নিলাম ডাকে অংশগ্রহনে আগ্রহী ক্রেতাসাধারণকে বর্ণিত তারিখ ও সময়ে জেলা শিক্ষা অফিস, জয়পুরহাট-এ উপস্থিত থেকে ডাকে অংশগ্রহন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগ্রহী ডাকদাতাগণ নিলামযোগ্য মালামাল সংরক্ষিত স্থান অফিস চলাকালীন পরিদর্শন করতে পারবেন।

নিলাম ডাকে অংশগ্রহনের শর্তাবলী নিম্নরূপঃ-

- ১। ৫০০০/- (পাঁচহাজার) টাকা জমা প্রদান করে ডাকদাতা হিসেবে তালিকাভুক্ত হতে হবে।
- ২। ভ্যাট ও আয়কর সহকারে ডাক পরিচালিত হবে।
- ৩। ডাকপ্রাপ্ত ব্যক্তি ঐ কার্যদিবসের মধ্যে সমস্ত টাকা জমাপূর্বক কার্যাদেশ গ্রহন করতঃ মালামাল বুঝে নিতে হবে।
- ৪। ডাক নিলামের বিষয়ে যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন জেলা শিক্ষা অফিস, জয়পুরহাট হতে পাওয়া যাবে।
- ৫। ডাকের পরিমাণ অপরিপূর্ণ/কম অনুভূত হলে কর্তৃপক্ষ ডাক নিলাম বাতিল করতে পারেন।


(মোহা: আব্দুর রাজ্জাক)


জেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত)
জয়পুরহাট।

স্মারক নং-জেশিঅ/জয়/২০২২/ ০৭০

তারিখ : ০৯/০২/২০২৩ খ্রি।

অনুলিপি সদয় অবগতি'র জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৪। জনাব সম্মানীয় সদস্য, নিলাম কমিটি, জয়পুরহাট
(যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ রইল)।
- ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), জয়পুরহাট (আপনার ও উপজেলা নির্বাহী অফিসার(সকল) এর
নোটিশ বোর্ডে টাঙানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ০৬। অফিস নথি।


জেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত)
জয়পুরহাট।